


২০১৭-২০১৮ শিক্ষা বর্ষে ১ম বর্ষ বিএসসি ইঞ্জিনিয়ারিং এ ভর্তি বিজ্ঞপ্তি

বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন প্রকল্প, বরিশাল

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের অধিভুক্ত সরকারি বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজে ২০১৭-২০১৮ শিক্ষা বর্ষে ১ম বর্ষ বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স (ইইই) এবং সিভিল (সিই) এ ভর্তির জন্য প্রার্থীদের নিকট থেকে ০৩ ডিসেম্বর ২০১৭ হতে ২৩ ডিসেম্বর ২০১৭ তারিখের মধ্যে অনলাইনে (<http://admission.eis.du.ac.bd>) প্রযুক্তি ইউনিট ঢাবি এর মাধ্যমে দরখাস্ত আহবান করা হচ্ছে। আবেদন ফি ৬০০/- টাকা।

প্রার্থীকে ২০১২ সাল থেকে ২০১৫ সাল পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০১৭ সালে বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক অথবা এইচএসসি/A-Level পাশ বা সমমানের ডিগ্রিধারী হতে হবে। সমতা নিরূপনের মাধ্যমে SSC ও HSC সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের আবেদন করতে হবে। প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয়সহ প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৬.০০ হতে হবে। প্রার্থীর উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় পদার্থ, রসায়ন ও গণিত বিষয় থাকতে হবে। ভর্তি পরীক্ষা আগামী ০৫/০১/২০১৮ তারিখ সকাল ১০.০০ টায় অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষা MCQ পদ্ধতিতে হবে, পরীক্ষার সময় ১ ঘন্টা ৩০ মিনিট, নম্বর ১২০ (পদার্থ-৩৫, রসায়ন-৩৫, গণিত-৩৫ এবং ইংরেজী -১৫)। ভর্তির সাধারণ নিয়মাবলী ও ভর্তি নির্দেশিকা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (<http://admission.eis.du.ac.bd>) পাওয়া যাবে।



মোঃ আকবাহ আলী সেখ

প্রকল্প পরিচালক

বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন প্রকল্প

বরিশাল